

দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ

বালুরঘাট

নীলামের বিজ্ঞপ্তি

স্মারক নং ৩৩৯৯/১৬৬.পি

তারিখ: ০২.০২.২০২৮

এতদ্বারা জেলার সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, পতিরাম মার্কেট কমপ্লেক্সের (মৌজা- পতিরাম, খতিয়ান নং - ২০৭৭, জে. এল. নং ১৮৭, দাগ নং - ২২৯) সম্মুখে ১৫টি পুরানো স্টল ভাঙ্গা হবে। ইচ্ছুক দরপত্রকারীগণ নিম্নলিখিত শর্তস্বাপেক্ষে নিজেদের লেটার প্যাডে/ সাদা কাগজে গালা দিয়ে মুখ বন্ধ খামে আগামী ৯ই মার্চ, ২০১৮ তারিখের মধ্যে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ অফিসে জমা দিতে পারেন।

উল্লেখ থাকে যে সর্বোচ্চ দরপত্রকারী বিবেচিত হইবে সর্বোচ্চ দরের ভিত্তিতে।

শর্তসমূহঃ

- ১। নির্দিষ্ট দিনে সময়ের মধ্যে দরপত্র জমা দিতে হবে। জমা দেওয়ার তারিখ আগামী ৯ই মার্চ, ২০১৮ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত নির্বাহী আধিকারিক মহাশয়ের করণকক্ষে রক্ষিত টেন্ডার বক্সের মধ্যে।
- ২। দরপত্র জমা দেওয়ার সময় ব্যক্তিগত পরিচয়পত্র যেমন- ভোটার কার্ড/আঁধার কার্ড/ড্রাইভিং লাইসেন্স/প্যান কার্ডের জেরক্স কপি(Self attested) অবশ্যই আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৩। দরপত্রে অংশগ্রহণের জন্য ৩৫০.০০ টাকা (তিনশত পঞ্চাশ টাকা) যা অফেরতযোগ্য দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের এ্যাকাউন্টে (স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, বালুরঘাট ব্রাঞ্চ, এ্যাকাউন্ট নং ৩১১৯৪২৫৪৬৪৫) জমা দিতে হইবে। জমা দেওয়ার রশিদের জেরক্স কপি অবশ্যই আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৪। স্টলের পুরাতন ঘরগুলি ভাঙ্গার নির্দেশ দিলে নির্দেশের ৩(তিন) দিনের মধ্যে ভাঙ্গার কাজ শুরু করতে হবে।
- ৫। কাজের বরাত প্রাপ্তকারীকে ১৫টি পুরাতন স্টল ভাঙ্গতে হবে এবং ভাঙ্গার পর ৩(৩) দিনের মধ্যে উক্ত স্থান থেকে নিয়ে যেতে হবে।
- ৬। ভাঙ্গা চলাকালীন লক্ষ্য রাখতে হবে পার্শ্ববর্তী এলাকার কারো যাতে কোনো অসুবিধা না হয়।
- ৭। ভিতের দ্রব্যাদি তোলার পর কোনরূপ গর্ত থাকবে না। গর্ত হলে তা মাটি দিয়ে ভরাট করে দিতে হবে।
- ৮। পুরাতন ১৫টি স্টলের ভাঙ্গা এবং ভগ্ন দ্রব্যাদির প্রারম্ভিকমূল্য(Base price) ১,২৫,৫৫১.০০ টাকা ধার্য হয়েছে। আবেদনকারীকে অবশ্যই প্রারম্ভিকমূল্যের বেশী দর দিতে হবে।
- ৯। সর্বোচ্চ দরপ্রদানকারী বিবেচিত হলে উপরে উল্লেখিত এ্যাকাউন্টে ৩(তিন) দিনের মধ্যে সমস্ত টাকা জমা দিতে হবে।
- ১০। দরপত্র খোলার সময় দরপত্র প্রদানকারীকে প্রয়োজনীয় প্রকৃত নথি সহ স-শরীরে উপস্থিত থাকতে হবে।
- ১১। উক্ত নীলামের ক্ষেত্রে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের সিদ্ধান্ত চূরান্ত বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের যে কোন অথবা সমস্ত আবেদনপত্র কোনো কারন না দর্শিয়ে বাতিল করতে পারে।

প্রত্যেক দরপত্র প্রদানকারীকে জেলা পরিষদের সমস্ত শর্তাবলী অবশ্যই মানতে হবে।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক,
দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ

(স্বাক্ষর)

তারিখ: ০২.০২.২৮

স্মারক নং ৩৩৯৯(১২)/জেড.পি.

পত্রের অনুলিপি অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলঃ-

- ১। সভাপতি, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ
- ২। নির্বাহী আধিকারিক, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ তথা জেলা সমাহর্তা, দক্ষিণ দিনাজপুর
- ৩। নির্বাহী বাস্তুকার(পি.এ্যান্ড আর.ডি.), দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ
- ৪। সচিব, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ
- ৫। FC&CAO, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ
- ৬। অধ্যক্ষ, জেলা কাউন্সিল, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ
- ৭। কর্মাধ্যক্ষ, পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, দঃদিঃ জেলা পরিষদ
- ৭। নির্বাহী আধিকারিক, বালুরঘাট/হিলি/কুমারগঞ্জ/তপন/গঙ্গারামপুর/কুশমন্ডি/বংশিহারী/হিরামপুর পঞ্চায়েত সমিতি, দক্ষিণ দিনাজপুর
- ৮। শ্রী কমল ভট্টাচার্য, সহকারী বাস্তুকার, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ। টেন্ডার বক্স খুলে যাবতীয় কাজ করবার জন্য জানানো হচ্ছে।
- ৯। প্রধান, পতিরাম গ্রাম পঞ্চায়েত
- ১০। শ্রী বিপুল চক্রবর্তী, স্টেনোগ্রাফার, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে টেন্ডার বক্স প্রস্তুত ও মাননীয় সহকারী বাস্তুকার মহাশয়কে সহযোগিতা করবার জন্য বলা হচ্ছে।

১১। DIO, NIC, Dakshin Dinajpur মহাশয়কে বিজ্ঞপ্তিটি www.ddinajpur.nic.in এই website এ upload করবার জন্য জানানো যাচ্ছে।

১২। জেলা পরিষদ নোটিশ বোর্ড

অতিরিক্ত নির্বাহী আধিকারিক,
দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ

(স্বাক্ষর)